গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৬৩ তারিখ: ১১/১১/২০২০খ্রি:

**বিষয়: ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে মূল্যায়ন নির্দেশনা বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদত্ত এ্যাসাইনমেন্ট গ্রিড অনুসরণ করে ১লা নভেম্বর ২০২০ হতে ১৫ ডিসেম্বর ২০২০ পর্যন্ত শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম মনিটরিং প্রসঙ্গে**

**সূত্র:** ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৪৬৩, তারিখ-৩১/১০/২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ৩১/১০/২০২০ তারিখের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.৪৬৩ মোতাবেক মাউশি অধিদপ্তরের ওয়েবসেইটে **'৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে মূল্যায়ন নির্দেশনা'** শিরোনামে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। কোভিড-১৯ মহামারির কারণে ১৮/০৩/২০২০ তারিখ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় এ বছরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচিকে সংক্ষিপ্ত করে পুনর্বিন্যাস করা হয়েছে। শিক্ষার্থীরা যাতে শিখন ফল নির্ভর শিক্ষা লাভ করতে পারে সে লক্ষ্যে শ্রেণি উপযোগী এ্যাসাইনমেন্টের মাধ্যমে তাদেরকে মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। বর্ণিত নির্দেশনা পত্রের আলোকে মাঠ পর্যায়ে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট এর কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কি না তা এতদসঙ্গে সংযুক্ত ছক অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন মনিটরিং করা প্রয়োজন।

সে লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের বর্ণিত কর্মকর্তাগণ তাদের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (সংযুক্ত ছক মোতাবেক) পরিদর্শন পূর্বক ০১/১১/২০২০ তারিখ হতে ২১/১১/২০২০ তারিখ পর্যন্ত ১ম তিন সপ্তাহের পরিদর্শন প্রতিবেদন একসাথে করে আগামী ২৬/১১/২০২০ তারিখের মধ্যে এবং অনুরূপভাবে ২২ নভেম্বর ২০২০ তারিখ হতে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত পরবর্তী তিন সপ্তাহের পরিদর্শন প্রতিবেদনের সফট কপি (স্ক্যান কপি) আগামী ২০/১২/২০২০ তারিখের মধ্যে মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং এর ই-মেইল assignment.mew@gmail.com এ প্রেরণ নিশ্চিত করবেন।

এমতাবস্থায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে উপরোল্লিখিত নির্দেশনা মোতাবেক তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদনের সফট কপি (স্ক্যান কপি) বর্ণিত ই-মেইলে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তি: করোনাকালীন শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন সংক্রান্ত তথ্য ছক।

11.11.2020
**(প্রফেসর মো: আমির হোসেন)**
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন: ৯৫৫৫১৩০

১. **আঞ্চলিক পরিচালক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. **উপ-পরিচালক, মাধ্যমিক**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৩. **জেলা শিক্ষা কর্মকর্তা** (সকল জেলা)
৪. **উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা** (সকল উপজেলা/থানা)

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. তারিখ: ১১/১১/২০২০খ্রি:

**সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
৩। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর [পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৭। সংরক্ষণ নথি।

11.11.2020
**(লাইলুন নাহার)**
সহকারী পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd

# করোনাকালীন শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন সংক্রান্ত তথ্য ছক

| ক্রম | পরিদর্শনের বিষয়বস্তু | মন্তব্য |
|---|---|---|
| ১ | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও EIIN নম্বর | |
| ২ | প্রতিষ্ঠান প্রধানের নাম, পদবী, মুঠোফোন নম্বর ও ই-মেইল আইডি | |
| ৩ | **৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে নির্ধারিত এ্যাসাইনমেন্ট গ্রিড অনুসারে শ্রেণিভিত্তিক তথ্য:** | |

| শ্রেণি | পরিদর্শনের তারিখ | মোট শিক্ষার্থীর সংখ্যা | এ্যাসাইনমেন্ট গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা | এ্যাসাইনমেন্ট জমাদানকারী শিক্ষার্থীর সংখ্যা | এ্যাসাইনমেন্ট জমা না দেয়া শিক্ষার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | | | | | | |
| ৭ম | | | | | | |
| ৮ম | | | | | | |
| ৯ম | | | | | | |
| **সর্বমোট** | | | | | | |

| ক্রম | পরিদর্শনের বিষয়বস্তু | মন্তব্য |
|---|---|---|
| ৪ | ১লা নভেম্বর ২০২০ তারিখ হতে শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট দেয়ার কার্যক্রম শুরু হয়েছে কি/না | |
| ৫ | মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রদত্ত এ্যাসাইনমেন্ট গ্রিড অনুসরণ করে প্রতি সপ্তাহে প্রত্যেক শিক্ষার্থীকে ৩টি এ্যাসাইনমেন্ট দেয়া হয় কি/না | |
| ৬ | শিক্ষার্থীরা এ্যাসাইনমেন্টগুলো সাদা কাগজে স্ব-হস্তে লিখে জমা দেয় কি/না | |
| ৭ | এ্যাসাইনমেন্টগুলো সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে অভিভাবক বা তাঁর প্রতিনিধি কর্তৃক স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে জমাদান ও গ্রহণ করা হয় কি/না (দিন/বার উল্লেখ করুন) | |
| ৮ | শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে তাদের সবল ও দুর্বল দিকগুলো স্পষ্টভাবে মন্তব্য কলামে লিপিবদ্ধ করা হচ্ছে কি/না | |
| ৯ | শিক্ষক কর্তৃক এ্যাসাইনমেন্টগুলো মূল্যায়ন করার পর তাঁর মতামতসহ শিক্ষার্থীদের নিকট তা পৌছানো এবং সময়মতো তা ফেরত এনে প্রতিষ্ঠানে সংরক্ষণ করছেন কি/না | |
| ১০ | এ্যাসাইনমেন্টগুলো নির্ধারিত মূল্যায়ন নির্দেশনা অনুসারে সঠিকভাবে মূল্যায়ন করা হচ্ছে কি/না | |
| ১১ | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক বিষয়ওয়ারী সকল মূল্যায়ন রেকর্ড করা হচ্ছে কি/না | |
| ১২ | এ্যাসাইনমেন্ট এর এই কার্যক্রমে শিক্ষার্থীরা কোন প্রকার অনৈতিক চাপের মুখোমুখি হচ্ছে কি/না | |
| ১৩ | ১লা নভেম্বর ২০২০খ্রি: থেকে ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি: পর্যন্ত মাউশি নির্ধারিত এ্যাসাইনমেন্ট ছাড়া শিক্ষার্থীদের আর কোন ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ দেওয়া হচ্ছে কি/না | |
| ১৪ | করোনাকালীন সময়ের জন্য বেতন ও অন্যান্য ফি সংক্রান্ত সরকার ঘোষিত নির্দেশনা মানা হচ্ছে কি/না | |
| ১৫ | পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে মন্তব্য (যদি থাকে) | |

**প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ (সিলসহ)**

**পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও মোবাইল নম্বর (সিলসহ)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
উপপরিচালকের কার্যালয়
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.৯৯.২০. ৬৬৭ — তারিখঃ ১৬/১১/২০২০ খ্রি.

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১। জেলা শিক্ষা অফিসার (সকল), বরিশাল অঞ্চল, বরিশাল (সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো) ।
২। প্রধান শিক্ষক/ শিক্ষিকা, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) বরিশাল অঞ্চল, বরিশাল (সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) বরিশাল অঞ্চল, বরিশাল (সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

সদয় অবগতরি জন্য অনুলিপি ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা ।
২ । পরিচালক,মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়োশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ,ঢাকা ।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল ।
৪। সংরক্ষণ নথি।

(মোঃ আনোয়ার হোসেন)
উপপরিচালক (অতিঃ দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল